বাংলা
Bengali

The Scottish Parliament
Pàrlamaid na h-Alba

# আপনাদের জন্য কাজ করতে **স্কটিশ পার্লামেন্ট-কে** উপযোগী করে তোলা



যেসব বিষয় সম্পর্কে আপনি দৃঢ় মতামত অনুভব করেন তা জানানোর জন্য প্রচুর উপায় রয়েছে। এই পুস্তিকাটি আপনাকে স্কটিশ পার্লামেন্ট (**Scottish Parliament**) এবং আপনি কিভাবে এক্ষেত্রে যুক্ত থাকতে পারেন সে সম্পর্কে আরো জানতে সহায়তা করবে।

# কেন যুক্ত থাকবেন ?

স্কটিশ পার্লামেন্ট আইন তৈরী করে এবং সিদ্ধান্ত নেয় যা আমাদের জীবনের অনেক দিককে প্রভাবিত করে। স্কটিশ পার্লামেন্ট যে বিষয়গুলি নিয়ে কাজ করে সেগুলি হস্তান্তরিত বিষয় নামে পরিচিত।

এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- কৃষি, বনসম্পদ ও মৎস্যসম্পদ
- শিক্ষা ও প্রশিক্ষণ
- পরিবেশ
- স্বাস্থ্য ও সামাজিক পরিষেবা
- আবাসন
- আইনশৃঙ্খলা
- স্থানীয় সরকার
- ক্রীড়া ও শিল্পকলা
- পর্যটন এবং আর্থিক উন্নয়ন
- পরিবহন

**1লা জুলাই**
স্কটিশ পার্লামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন

**28শে সেপ্টেম্বর**
প্রথম সদস্য বিল পাস: দি সী ফিশারিজ (শেলফিশ) আমেন্ডমেন্ট (স্কটল্যান্ড) বিল [The Sea Fisheries (Shellfish) Amendment (Scotland) Bill]

**4ঠা অক্টোবর**
প্রথম কমিটি বিল পাস: অত্যাচার থেকে সুরক্ষা (স্কটল্যান্ড) বিল [The Protection from Abuse (Scotland) Bill]

**28-30শে মে**
এবারডিনে স্কটিশ পার্লামেন্টের সম্মেলন

**1লা মে**
দ্বিতীয় স্কটিশ পার্লামেন্ট নির্বাচন: ছোট দলগুলি থেকে আরো বেশী MSPs ও তার সাথে সাথে MSPs নির্বাচন

**23শে এপ্রিল**
পার্লামেন্ট কনফারেন্সে প্রথম কার্যক্রম

**24-26শে আগস্ট**
প্রথম ফেস্টিভ্যাল অফ পলিটিক্স

1999 | 2000 | 2001 | 2002 | 2003 | 2004 | 2005

স্কটল্যান্ডের উপর প্রভাব বিস্তার করতে পারে এরকম কিছু বিষয় লন্ডনের ইউনাইটেড কিংডম (UK)-এর পার্লামেন্টের [United Kingdom (UK) Parliament in London] আওতায় পড়ে। এগুলিকে সংরক্ষিত বিষয় বলে এবং এর মধ্যে রয়েছে প্রতিরক্ষা, কর্মনিয়োগ আইন, জেনেটিক্স, অভিবাসন ও জাতীয়তা, আর্ন্তজাতিক বিষয়, পেনশন ও সামাজিক সুরক্ষা। যদিও শুধুমাত্র ইউ কে (UK) পার্লামেন্টই সংরক্ষিত বিষয়ের উপর আইন পাশ করতে পারে, তাহলেও স্কটিশ পার্লামেন্ট এই সব বিষয় সম্পর্কে সচেতনতা তৈরী করার জন্য বিতর্ক চালাতে পারে।

স্কটিশ পার্লামেন্টকে আপনার জন্য আরো কার্যকরীভাবে কাজ করতে সাহায্য করার জন্য, যে সমস্ত বিষয় আপনাকে প্রভাবিত করছে তার ওপর আপনার মতামত কি তা মেম্বার অফ দি স্কটিশ পার্লামেন্টের [Members of the Scottish Parliament (MSPs)] জানা উচিৎ।

**স্কটিশ পার্লামেন্ট সম্পর্কে আরো তথ্য জানতে পারা খুবই সহজ ব্যাপার। আপনি প্রদর্শনীতে এসে ও দেখতে পারেন, প্রদর্শক সহ একটি পরিদর্শন করতে বা শিশুদের কুইজে অংশগ্রহণ করতে পারেন।**

**3রা মে**
তৃতীয় স্কটিশ পার্লামেন্ট নির্বাচন: প্রথম সংখ্যালঘু সরকার গঠন

**15ডিসেম্বর**
প্রথম হাইব্রিড (মিশ্রিত) বিল পাশ: ফোর্থ ক্রশিং বিল (The Forth Crossing Bill)

**অক্টোবরের মধ্যে**
1.5 মিলিয়ন লোক হলিরুডের (Holyrood) নতুন স্কটিশ পার্লামেন্ট ভবনটি পরিদর্শন করেন

**5মে**
চতুর্থ স্কটিশ পার্লামেন্ট নির্বাচন: প্রথম একদলীয় সংখ্যাগুরু সরকার গঠন

**3রা অক্টোবর**
1000তম পাবলিক পিটিশন পেশ

**1লা জুলাই**
স্কটিশ পার্লামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধনের 10ম জয়ন্তী

2006 2007 2008 2009 2010 2011

# মূল তথ্য: পার্লামেন্ট ও সরকার

স্কটিশ পার্লামেন্ট ও স্কটিশ সরকার দুটি পৃথক সংস্থা এবং তারা ভিন্ন ভূমিকা পালন করেন।



স্কটিশ পার্লামেন্ট

### স্কটিশ পার্লামেন্ট বা সংসদ

- এটি স্কটল্যান্ডের জনগণ দ্বারা নির্বাচিত 129 জন MSPs নিয়ে গঠিত হয়েছে
- এটি হল স্কটল্যান্ডের হস্তান্তরিত বিষয়গুলির জন্য আইন-প্রণয়নকারী সংস্থা
- এর প্রতি পাউন্ডে 3 পেন্স পর্যন্ত আয়কর বাড়ানো বা কমানোর ক্ষমতা রয়েছে
- গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে তদন্ত ও বিতর্ক চালাতে পারে
- স্কটিশ সরকারের কাছ থেকে জবাবদিহি চাইতে পারে

### স্কটিশ সরকার

- স্কটিশ পার্লামেন্টের কাছে দায়বদ্ধ রয়েছে
- ফার্স্ট মিনিস্টার, কেবিনেট সেক্রেটারী এবং মিনিস্টারদের নিয়ে গঠিত এবং এরা সাধারণত নির্বাচনে জয়ী দলের (বা সম্মিলিত দলগুলির) MSPs যারা নির্বাচনে সব চেয়ে বেশি আসন পেয়েছেন
- হস্তান্তরিত বিষয়গুলিতে নীতিমালা তৈরী ও প্রয়োগ করে এবং স্কটিশ পার্লামেন্টের বিবেচিত অধিকাংশ বিলগুলি পেশ করে
- বিভিন্ন সরকারী সংস্থার তত্ত্বাবধান করে এবং স্কটল্যান্ডের হস্তান্তরিত বিষয়গুলির ক্ষেত্রে সরকারী ব্যয়ের উপর সিদ্ধান্ত নেয়

**স্কটল্যান্ডের প্রতিটি ব্যক্তি পিছু 8 MSPs আছেন: ব্যক্তির বসবাসের স্থানের নির্বাচনী ক্ষেত্রের জন্য একজন এবং 7 জন বৃহত্তর অঞ্চল থেকে আসেন। আপনাকে কে প্রতিনিধিত্ব করছেন তা জানার জন্য আপনি এই ওয়েবসাইটে পোস্টকোড সন্ধান সুবিধা ব্যবহার করতে পারেন:**

**www.scottish.parliament.uk**


**আপনি আপনার 8 MSPs–এর মধ্যে কোনো একজনের সাথে যোগাযোগ করতে পারেন।**

বিতর্ক চেম্বারে MSPs রা



# মূল তথ্য:
# নির্বাচন এবং MSPs

এই মানচিত্রে স্কটল্যান্ডের 73 টি নির্বাচনী এলাকা ও 8 টি অঞ্চল দেখানো হয়েছে।




নির্বাচনের মাধ্যমে স্কটিশ পার্লামেন্ট স্কটল্যান্ডের জনগণের কাছে দায়বদ্ধ থাকেন। স্কটিশ পার্লামেন্টের নির্বাচন সাধারণত: প্রত্যেক 4 বছর অন্তর হয়ে থাকে।

স্কটিশ পার্লামেন্টের নির্বাচন সমানুপাতিক প্রতিনিধিত্ব দ্বারা হয়ে থাকে। এর মানে হল নির্বাচনের পরে প্রত্যেক দলের ভাগে যত আসন পড়ে তা মোটামুটিভাবে ভোটদাতাদের মধ্যে সেই দলের জন্য সমর্থনের স্তরকে বোঝায়।

73 জন নির্বাচনী এলাকার MSPs আছেন ও 56 জন আঞ্চলিক MSPs আছেন।

পাঁচটি রাজনৈতিক দল বর্তমানে স্কটিশ পার্লামেন্টে প্রতিনিধিত্ব করছেন। এছাড়া একজন স্বতন্ত্র MSP আছেন।



**অঞ্চলসমূহ**

- হাইল্যান্ডস ও আইল্যান্ডস
- নর্থ ঈস্ট স্কটল্যান্ড
- মিড স্কটল্যান্ড এবং ফাইফ
- ওয়েস্ট স্কটল্যান্ড
- গ্লাসগো
- লোথিয়ান
- সেন্ট্রাল স্কটল্যান্ড
- সাউথ স্কটল্যান্ড

# আরো তথ্য জানার 10টি উপায়

## 1. স্কটিশ পার্লামেন্ট ভবনে যান

আপনি পার্লামেন্টের ইতিহাস এবং কাজের একটি প্রদর্শনী দেখতে পারেন। আপনি ডিবেটিং চেম্বারের (যদি উপলব্ধ হয়)-এর সরকারী গ্যালারীটিও দেখতে পারেন। অন্যান্য সুযোগসুবিধাগুলির মধ্যে রয়েছে একটি ক্যাফে, দোকান এবং নিখরচার একটি সরকারী ক্রেশ।



স্কটিশ পার্লামেন্টের প্রধান হলে দর্শনার্থী



## 2. সংসদীয় কার্যক্রমে উপস্থিত থাকার জন্য বিনামূল্যের টিকিট নিন

ডিবেটিং চেম্বারে বিতর্ক ও প্রশ্নোত্তর সেশনগুলি দেখার জন্য টিকিট পাওয়া যায়। এছাড়া আপনি কমিটি বৈঠকগুলিতে যোগ দেওয়ার জন্যও টিকিট পেতে পারেন।

## 3. অনলাইনে বির্তক প্রত্যক্ষ করুন

আপনি একটি ভিডিও পডকাস্ট ডাউনলোড করতে পারেন বা হলিরুড টিভির এই লিঙ্কে গিয়ে ডিবেটিং চেম্বার বা কমিটির কার্যক্রম সরাসরি অনলাইনে দেখতে পারেন: www.holyrood.tv

## 4. আপনার MSPs-দের আপনার কমিউনিটি গ্রুপে আসতে বলুন

কিভাবে MSPs-রা আপনার প্রতিনিধিত্ব করছেন এবং তারা আপনার জন্য কি করতে পারেন তা বলার জন্য আপনার গোষ্ঠীতে আসার জন্য তাদের আমন্ত্রণ করতে পারেন।

## 5. হলিরুডে বিনামূল্যের একটি প্রদর্শকসহ যাত্রায় যোগ দিন

হলিরুড ভবন এবং কিভাবে পার্লামেন্ট কাজ করে তা জানার জন্য একটি যাত্রায় যোগ দিন। যাত্রাগুলিতে সাধারণতঃ ডিবেটিং চেম্বারের কক্ষ এবং একটি কমিটি রুম এবং তার সাথে গার্ডেন লবি দেখানো হয়ে থাকে। এছাড়াও আপনি পার্লামেন্টের শিল্পকলা সংগ্রহের জায়গাটিও পরিদর্শন করতে পারেন।

**তথ্য প্রচারপত্রগুলি বিভিন্ন ভাষায় ও বিভিন্ন ফরম্যায় পাওয়া যায়। আপনার প্রশ্নের উত্তর দেবার জন্য পার্লামেন্ট এবং কর্মীবৃন্দকে সম্পূর্ণভাবে পাবেন।**



স্কটিশ পার্লামেন্টের দর্শনার্থীদের যাত্রা

## 6. স্কটিশ পার্লামেন্টের একটি অনুষ্ঠানে যোগ দিন

ফেস্টিভ্যাল অফ  পলিটিক্সের অংশ হিসেবে অংশগ্রহণমূলক সেশন এবং কর্মশালাগুলি চালানো হয় এবং তার সাথে সাথে সারা বছর ধরে ওপেন ডে এবং অন্যান্য অনুষ্ঠানগুলি চালানো হয় যেখানে স্কটিশ পার্লামেন্টের কাজ ও আপনি কিভাবে অংশগ্রহণ করতে পারেন তা ব্যাখ্যা করা হয়।

## 7. এই সব বিষয় জানার জন্য স্কটিশ পার্লামেন্ট ওয়েবসাইট দেখুন: (www.scottish.parliament.uk)

- পার্লামেন্টে কি হচ্ছে
- পার্লামেন্ট কিভাবে কাজ করে
- MSPs-রা
- পার্লামেন্ট পরিদর্শন এবং পার্লামেন্টের সাথে মতবিনিময়
- সংসদীয় কার্যক্রম

## 8. আপনার স্থানীয় লাইব্রেরীতে যান

স্কটল্যান্ডের পাবলিক লাইব্রেরীগুলিতে ইন্টারনেট সুবিধা রয়েছে, তাই স্কটিশ পার্লামেন্টের ওয়েবসাইটে যেতে পারেন বা MSPs-দের ইমেইল করতে পারবেন। কয়েকটিতে স্কটিশ পার্লামেন্টের কাগজপত্রগুলির কপিও রয়েছে।

## 9. আরো তথ্যের জন্য পাবলিক ইনফরমেশনকে টেক্সট, ফোন বা ইমেইল করুন

আপনি আপনার MSPs-দের একটি তালিকা পেতে, একটি তথ্য প্যাকের জন্য অনুরোধ জানাতে বা স্কটিশ পার্লামেন্টের কাজের ব্যাপারে প্রশ্ন করতে আপনার পোস্টকোডটি 07786 209 888 নম্বরে টেক্সট করতে পারেন। আপনার কোনো জিজ্ঞাসা থাকলে আপনি পাবলিক ইনফরমেশনকে ইমেইল করতে, চিঠি লিখতে বা ফোন করতে পারেন।

## 10. আমাদের শিক্ষা কর্মসূচীতে অংশগ্রহণ করুন

স্কুল গ্রুপগুলি শিক্ষাকেন্দ্রে একটি পারস্পরিক ভাববিনিময়মূলক সেশন বুক করতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ভবনটি ঘুরে দেখার একটি সুযোগ পাওয়া এবং MSPs-দের সাথে দেখা করা, যদি তারা উপলব্ধ থাকেন। বিকল্প হিসেবে, আপনি দূরাঞ্চলে যাওয়া শিক্ষাকর্মীদের আসতে এবং আপনার স্কুলে একটি কার্যক্রম সেশন প্রদান করতে আমন্ত্রণ জানাতে পারেন - তা আপনি স্কটল্যান্ডের যেখানেই থাকুন না কেন!



শিক্ষা কেন্দ্রে ছাত্রছাত্রীরা

# অংশগ্রহণ করার 10টি উপায়

## 1. স্কটিশ পার্লামেন্টের নির্বাচনগুলিতে ভোটদান

ভোটদান গণতান্ত্রিক প্রক্রিয়ার এক অত্যাবশ্যক অংশ। ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই ইলেকটোরাল রেজিস্টারে আপনার নাম অন্তর্ভুক্ত করতে হবে, ইউ কে (UK), কমনওয়েল্‌থ বা ইউরোপীয়ান ইউনিয়নের একজন নাগরিক হতে হবে এবং আপনার বয়স 18 বছর বা তার বেশি হতে হবে।

## 2. আপনার MSP-দের একজনের কাছে একটি বিষয় নিয়ে চিঠি লেখা, ইমেইল করা বা টেলিফোন করুন

আপনি আপনার কোন MSPs-র কাছে উদ্বেগের কোন বিষয় উত্থাপন করতে পারেন। আপনার MSPs কারা, তা জানার জন্য পাবলিক ইনফরমেশন এর সাথে যোগাযোগ করুন বা পার্লামেন্টের ওয়েবসাইটে যান।

## 3. একজন MSP-র সাথে স্থানীয় সার্জারীতে কথা বলুন

আপনি একটি স্থানীয় সার্জারীতে মুখোমুখি আলাদাভাবে আপনার MSPs-র সাথে দেখা করতে পারেন এবং আপনার উদ্বেগুলি নিয়ে কথা বলতে পারেন। সার্জারী হল নির্বাচনী এলাকা বা কমিউনিটি সেন্টারের মত জায়গায় নিয়মিতভাবে অনুষ্ঠিত হওয়া বৈঠক। বিশদ বিবরণের জন্য আপনার MSPs-র সাথে যোগাযোগ করুন।



একজন MSP স্থানীয় লোকেদের সঙ্গে কথা বলছেন

## 4. একটি কমিটির কাছ থেকে প্রমাণের জন্য আসা ফোনে সাড়া দিন

কমিটিগুলির উদ্দেশ্য হল গণতান্ত্রিক প্রক্রিয়ায় যত বেশী সংখ্যায় সম্ভব লোকেদের অংশগ্রহণ করানো। প্রমাণের জন্য আসা একটি ফোন কলে সাড়া দিয়ে, আপনি স্কটিশ সরকারের আইন বা নীতিমালার উপর প্রভাব বিস্তার করতে পারেন। একটি জিজ্ঞাসা বা বিলের ব্যাপারে প্রমাণের জন্য আসা ফোন কলের প্রত্যুত্তরে আপনি একটি কমিটির কাছে চিঠিও লিখতে পারেন।

## 5. কমিটির বৈঠকগুলিতে উপস্থিত থাকা

সাধারণ জনগণের সাথে নানা বিষয় নিয়ে আলোচনার জন্য স্কটল্যান্ড জুড়ে কমিটির অনুষ্ঠান হয়। আপনি পার্লামেন্টের ওয়েবসাইটে বা আপনার স্থানীয় সংবাদপত্রে পরিকল্পিত পরিদর্শনগুলি সম্পর্কে জানতে পারবেন।



একটি কমিটি অনুষ্ঠান

## 6. ক্রস-পার্টি গ্রুপের [Cross-Party Groups (CPGs)] মধ্যে একটিতে যোগ দিন

একটি CPG-তে যোগ দেওয়ার মাধ্যমে আপনি MSPs-দের সাথে এবং অন্যান্য ব্যক্তি ও সংস্থাগুলির সাথে সাক্ষাৎ করতে পারবেন, যাদের একই উদ্বেগ বা আগ্রহ রয়েছে।

## 7. একটি পাবলিক পিটিশন পেশ করুন

আপনি পার্লামেন্টের কাছে একটি পাবলিক পিটিশন পেশ করতে পারেন যাতে পার্লামেন্ট যেন জাতীয় জনস্বার্থের বা উদ্বেগের কোনো বিষয়কে পর্য্যালোচনা করে দেখা বা বর্তমান আইনে সংশোধন আনা বা নতুন আইন চালু করার কথা বলা হচ্ছে। বৃহত্তর জনগণকে আকৃষ্ট করার জন্য আপনি ই-পিটিশন ব্যবস্থার মাধ্যমে অনলাইনে একটি পিটিশন পাঠাতে পারেন।



1000 তম পিটিশনটি দেওয়া হল

## 8. একটি অনলাইন পাবলিক পিটিশনের সমর্থনের আপনার নাম যোগ করুন

আপনি আপনার আগ্রহ উদ্রেককারী একটি ই-পিটিশনের সমর্থনে আপনার নাম অন্তর্ভুক্ত করার জন্য বা একটি অনলাইন আলোচনায় অংশগ্রহণ করার জন্য এই ই-পিটিশন ওয়েব-পেজটিতে যেতে পারেন: http://epetitions.scottish.parliament.uk

## 9. একটি বিষয় সম্পর্কে তথ্য প্রদর্শনী বা অনুষ্ঠান সংগঠনের জন্য MSP-র সমর্থন নিয়ে আবেদন করুন

অনুষ্ঠান ও তথ্য প্রদর্শনী, বিষয় সম্পর্কে সচেতনতা বাড়ানোর সুযোগ প্রদান করে। আপনি আপনার MSPs-দের একজনের সাথে বা ইভেন্টস অ্যান্ড এক্সিবিশন টীমের সাথে 0131 348 6933 নম্বরে যোগাযোগ করে আরো অনেক কিছু জানতে পারেন।

## 10. নির্বাচনে দাঁড়ান

আপনার বয়স যদি 18 বছর বা তার বেশী হয় এবং আপনি যদি ইউ কে (UK), কমনওয়েল্থ বা রিপাবলিক অফ অ্যায়ারল্যান্ডের একজন নাগরিক হন বা ইউ কে (UK)-তে বসবাসকারী একজন ইউরোপীয়ান ইউনিয়ন নাগরিক হন, তাহলে আপনি MSP হওয়ার জন্য নির্বাচনে দাঁড়াতে পারেন। একজন MSP একটি বিশেষ দলের প্রতিনিধিত্ব করতে পারেন বা নির্দলীয় হতে পারেন। আরো তথ্যের জন্য এই সাইটে দেখুন: www.electoralcommission.org.uk

**একটি ই-পিটিশনের জন্য অনলাইন আলোচনা ফোরামে যোগ দেওয়ার ব্যাপারটি আপনার মতামত জানানো এবং জাতীয় জনস্বার্থের কোন বিষয়ে অন্য লোকেদের যুক্ত করার একটি ভাল উপায়। একটি বিষয় সম্পর্কে চিন্তাভাবনাকে প্রভাবিত করা বা তার চেষ্টা করার এটি একটি ভাল উপায়।**



# কিছু ব্যাখ্যাকৃত শব্দ

**বিল** একটি প্রস্তাবনাগুচ্ছ যা স্কটিশ পার্লামেন্টের অনুমোদন পেলে আইন হয়ে উঠতে পারে।

**প্রার্থী** একজন ব্যক্তি যিনি একটি রাজনৈতিক দলের একজন সদস্য হিসেবে বা একজন স্বতন্ত্র ব্যক্তি হিসেবে নির্বাচনে দাঁড়াতে পারেন।

**কমিটি** একটি কমিটি MSPs-দের একটি ছোট গোষ্ঠী যারা বিশদভাবে নির্দিষ্ট বিষয়গুলি দেখেন। MSPs-দের এমনভাবে নির্বাচন করা হয় যাতে তা পার্লামেন্টের বিভিন্ন রাজনৈতিক দলগুলি এবং স্বতন্ত্র MSPs-দের ভারসাম্য প্রতিফলিত করে।

**নির্বাচনী** এলাকা নির্বাচনের জন্য স্কটল্যান্ডকে 73টি স্থানীয় এলাকায় ভাগ করা হয়েছে; প্রতিটি এলাকাকে একটি নির্বাচনী এলাকা বলে। প্রতিটি নির্বাচনী এলাকা একজন MSP নির্বাচিত করে যিনি নির্বাচনী এলাকার MSP বলে পরিচিত হন।

**ক্রস-পার্টি গ্রুপ এটি হল** বিভিন্ন দলের MSPs, স্বতন্ত্র MSPs এবং পার্লামেন্টের বাইরে থাকা আসা সংস্থা ও ব্যক্তিদের নিয়ে গঠিত একটি গোষ্ঠী। তারা একটি বিষয় বা উদ্বেগ সম্পর্কে সমানভাবে আগ্রহী থাকেন।

**ডিবেট** MSPs-দের মধ্যে হওয়া একটি আলোচনা যা প্রায়শঃই একটি ভোটাভুটিতে পর্যবসিত হয়। ডিবেট (বিতর্ক) সাধারণতঃ ডিবেটিং চেম্বারে অনুষ্ঠিত হয়।

**হলিরুড** স্কটিশ পার্লামেন্টকে অনেক সময়ই হলিরুড বলে উল্লেখ করা হয়, কারণ এটি এডিনবরার এই এলাকায় অবস্থিত। হলিরুড এর স্কটিশ পার্লমেন্ট ভবনটি 9ই অক্টোবর 2004 তারিখে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়েছিল।

**MSP** মেম্বার অফ দি স্কটিশ পার্লামেন্ট। MSPs-রা হলেন নির্বাচিত ব্যক্তি যারা স্কটল্যান্ডের জনগণের সেবা ও প্রতিনিধিত্ব করার জন্য স্কটিশ পার্লামেন্টে নির্বাচিত হন।

**পাবলিক পিটিশন** একটি বিশেষ বিষয় বা আইন সম্পর্কে পার্লামেন্টকে কিছু করতে বলার জন্য পার্লামেন্টের কাছে একজন ব্যক্তি বা একদল ব্যক্তি দ্বারা পেশ করা একটি স্বাক্ষরিত বিবৃতি।

**অঞ্চল** স্কটল্যান্ডকে নির্বাচনের জন্য 8টি বৃহত্তর ভাগেভাগ করা হয়; প্রতিটি এলাকা একটি অঞ্চল হিসেবে পরিচিত। প্রতিটি অঞ্চলে 7 জন MSPs নির্বাচিত হন যারা আঞ্চলিক MSPs নামে পরিচিত।

**সার্জারী** MSPs-দের দ্বারা তাদের নির্বাচনী এলাকায় বা অঞ্চলের কোনো স্থানে, যেমন একটি কমিউনিটি হলে, লাইব্রেরীতে বা সুপারমার্কেটে অনুষ্ঠিত নিয়মিত বৈঠক। আপনি আপনার MSP-দের সাথে পারস্পরিক ভিত্তিতে প্রাসঙ্গিক বিষয় নিয়ে আলোচনার জন্য সেখানে যেতে পারেন।



# ভাষা ও ফরম্যাগুলি

স্কটিশ পার্লামেন্টের কাজকর্মে শরীক হওয়ার জন্য আপনার অনুবাদের দরকার হলে বা একজন বাঙালী ইন্টারপ্রিটারের সাহায্য চাইলে দয়া করে পাবলিক ইনফর্মেশন (Public Information) এর সাথে যোগাযোগ করুন। তাছাড়া আপনি যে কোনো ভাষায় আমাদের কাছে চিঠি লিখতে পারেন।

Tha a' bhileag seo ri faighinn ann an grunn chruthan is chànanan. Cuir fios gu Seirbhis Fiosrachaidh a' Phobaill airson lethbhreacan.

يرجى الاتصال بخدمة تقديم المعلومات للجمهور إن كنتم بحاجة إلى ترجمة أو إلى خدمات مترجم شفهي لتمكينكم من الانخراط والمشاركة في عمل مجلس النواب الاسكتلندي. يمكنكم الكتابة إلينا بأية لغة.

This leaflet is available in a range of formats including Braille, audio and large print. Please contact Public Information for copies.

Osoby chcące zaangażować się w działalność Parlamentu Szkockiego i pragnące otrzymać tłumaczenia dokumentów lub pomoc tłumacza ustnego, prosimy o kontakt z działem Public Information. Korespondencję można nadsyłać w dowolnym języku.

ਸਕਾਟਲੈਂਡ ਦੀ ਪਾਰਲੀਮੈਂਟ ਦੀ ਕਾਰਜਕਾਰੀ ਵਿਚ ਭਾਗ ਲੈਣ ਲਈ ਜੇ ਤੁਹਾਨੂੰ ਅਨੁਵਾਦ ਜਾਂ ਦੋਭਾਸ਼ੀਏ ਦੀਆਂ ਸੇਵਾਵਾਂ ਚਾਹੀਦੀਆਂ ਹਨ ਤਾਂ ਕਿਰਪਾ ਕਰਕੇ ਜਨਤਕ ਜਾਣਕਾਰੀ (Public Information) ਨਾਲ ਸੰਪਰਕ ਕਰੋ। ਤੁਸੀਂ ਸਾਨੂੰ ਕਿਸੇ ਵੀ ਭਾਸ਼ਾ ਵਿਚ ਲਿਖ ਸਕਦੇ ਹੋ।

如欲索取文件的中文翻譯本，或要求取得口譯員的協助，以參與蘇格蘭議會的工作，請聯絡供資訊部門（Public Information）；用任何語文寫信給我們均可。

اسکاٹش پارلیمنٹ کے کام میں حصہ لینے کے لیے اگر آپ کو ٹرانسلیشن (ترجمہ) یا انٹرپریٹر (مترجم) کی خدمات درکار ہیں تو براہ مہربانی ہماری پبلک انفارمیشن (دفتر معلومات عامہ) سے رابطہ قائم کریں. آپ ہمیں کسی بھی زبان میں لکھ سکتے ہیں.







# যোগাযোগের বিবরণগুলি

## পাবলিক ইনফরমেশন

পাবলিক ইনফরমেশন আপনাকে স্কটিশ পার্লামেন্টের কার্যক্রম, সদস্যপদ এবং পদ্ধতিগুলি সম্পর্কে জানতে সাহায্য করতে পারে।

ঠিকানা
Public Information
The Scottish Parliament
Edinburgh
EH99 1SP

টেলিফোন
0800 092 7500
0131 348 5000

টেক্সটফোন ব্যবহারকারীরা আমাদের সাথে 0800 092 7100 নম্বরে যোগাযোগ করতে পারেন। এছাড়াও আমরা টেক্সট রিলে পরিষেবা (Text Relay service) ব্যবহার করে ফোন করলেও স্বাগত জানাব।

টেক্সট 07786 209 888
ইমেইল sp.info@scottish.parliament.uk
ওয়েবসাইট www.scottish.parliament.uk
টুইটার twitter.com/ScotParl

## দর্শনার্থী পরিষেবাগুলি

দর্শনার্থী পরিষেবাগুলি টিকিট বুক করতে, প্রদর্শকসহ যাত্রা বা একটি দলগত পরিদর্শনের ব্যবস্থা করতে সহায়তা করতে পারে।

ঠিকানা
Visitor Services
The Scottish Parliament
Edinburgh
EH99 1SP

টেলিফোন
0800 092 7600
0131 348 5200

টেক্সটফোন ব্যবহারকারীরা আমাদের সাথে 0800 092 7100 নম্বরে যোগাযোগ করতে পারেন। এছাড়াও আমরা টেক্সট রিলে পরিষেবা (Text Relay service) ব্যবহার করে ফোন করলেও স্বাগত জানাব।

ইমেইল sp.bookings@scottish.parliament.uk
ওয়েবসাইট www.scottish.parliament.uk

ক্রেশে একটি জায়গা বুক করার জন্য, অনুগ্রহ করে 0131 348 6192 নম্বরে ফোন করুন বা creche@scottish.parliament.uk -এ ইমেইল করুন

Mixed Sources
Product group from well-managed forests, and other controlled sources
www.fsc.org Cert no. TT-COC-002537
© 1996 Forest Stewardship Council
FSC

পার্লামেন্টারী কপিরাইট। © স্কটিশ পার্লামেন্টারী কর্পোরেট বডি 2011।
অনুগ্রহ করে মনে রাখবেন, স্কটিশ পার্লামেন্ট বাইরের ওয়েবসাইটগুলির বিষয়সূচীর ব্যাপারে দায়ী হবে না।
দ্বিতীয় সংস্করণ, জুন 2011
ইউ কে (UK)-তে যত্নের সাথে রক্ষণাবেক্ষণ করা ও পুনর্নবীকৃত বন থেকে আসা কাগজের মন্ড থেকে প্রস্তুত করা সম্পূর্ণ পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত। ব্যবহৃত কালিগুলি সবজিভিত্তিক এবং লিনসীড তেল ব্যবহার করে তৈরী।

LC15043 - 06/11